

## বানারীপাড়া বালিকা বিদ্যালয়ে সাজু আপা পাঠাগারের ভিত্তি স্থাপন

বানারীপাড়া প্রতিনিধি

বানারীপাড়া উচ্চ বালিকা বিদ্যালয়ের 'সাজু আপা স্মৃতি পাঠাগার' ভবনের ভিত্তি স্থাপন করা হয়েছে। রোববার বিকালে বিদ্যালয় প্রাঙ্গণে পাঠাগারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মিয়া নাইম। স্থানীয় সংসদ সদস্য শহীদুল ভিত্তি : পৃষ্ঠা : ১৩ কলাম : ৭



গত রোববার বানারীপাড়া বালিকা বিদ্যালয়ে সাজু আপা স্মৃতি পাঠাগারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মিয়া নাইম। এ সময় উপস্থিত ছিলেন শহীদুল হক জামাল এমপি ও 'যুগান্তর' সম্পাদক গোলাম সারওয়ার।

### ভিত্তি : বানারীপাড়া বালিকা বিদ্যালয়

(৩য় পৃষ্ঠার পর)

হক জামাল, বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি ও 'যুগান্তর' সম্পাদক গোলাম সারওয়ার এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ এ সময় উপস্থিত ছিলেন। ভিত্তি স্থাপন উপলক্ষে আয়োজিত অনাড়ম্বর সুবী সমাবেশে এমপি শহীদুল হক জামাল, যুগান্তর সম্পাদক গোলাম সারওয়ার ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিহির কুমার সরকার বক্তৃতা করেন। শহীদুল হক জামাল এমপি বানারীপাড়া বালিকা বিদ্যালয়ের প্রথম সহকারী প্রধান শিক্ষিকা মরহুম বাদিন্জা হক সাজু আপার স্মৃতি ধরে রাখার এ উদ্যোগকে বাণ্ড জ্ঞানিয়ে বলেন, পাঠাগারের জন্য প্রয়োজনীয় সহযোগিতা দিতে আমি সর্বদা প্রস্তুত থাকব। তিনি বানারীপাড়া বালিকা বিদ্যালয়কে কলমে উন্নীত করার জন্য স্থানীয় ব্যক্তিদের প্রতি আহ্বান জানান। বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি ও 'যুগান্তর' সম্পাদক গোলাম সারওয়ার বলেন, সাজু আপা স্মৃতি পাঠাগারকে প্রকৃত অর্থেই পাঠাগারে পরিণত করা হবে। ভবন নির্মাণের পর প্রাথমিকভাবে প্রয়োজনীয় আসবাব ও হইপত্র দেয়া হবে। উল্লেখ্য, মরহুম বাদিন্জা হক সাজু আপা যুগান্তর সম্পাদক গোলাম সারওয়ারের বোন।

বিদ্যালয়ের সাবেক ছাত্রী এবং গোলাম সারওয়ারের একমাত্র কন্যা সুবমা সারওয়ারের অর্থানুকূলে নির্মিত হচ্ছে 'সাজু আপা স্মৃতি পাঠাগার'। যার ভিত্তিপ্রস্তর স্থাপন করেন গোলাম সারওয়ারের জামাতা আমেরিকা প্রবাসী মিয়া নাইম। ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অদ্যানোর মধ্যে উপস্থিত ছিলেন মোর্শেদ আলম সিদ্দিক, মজিবুর রহমান, মকবুল হোসেন মন্ডিক, মীর সহিদুল ইসলাম, বজিবুর রহমান চৌকদার, সারওয়ার হাওলাদার, মনিরুল আলম মিঠা, আরেকুল আলম, হারুন অর রশীদ বালি, ওয়াহিদুজ্জামান দুলাল প্রমুখ।